

Num

Chapter 23

Bengali Interlinear

Reference: Bengali Bible

1 וַיֹּאמֶר בְּלָעֶם אֶל־בָּלָק בְּנֵה־לִּי בָזָח שְׂבָעָה וַיַּחֲנוּ לִי בָזָח שְׂבָעָה
H7651 H2088 H4196 H7651 H2088 H1129 H1111 H0413 H0559
פָּרִים וְשְׂבָעָה אֵילִים:
H7651 H6499

বিলিয়ম বালাককে বলল “এখানে সাতটি বেদী তৈরী করো এবং আমার জন্য সাতটি ষাঁড় এবং সাতটি মেষ তৈরী রাখো।”

2 וַיַּעַשׂ בָּלָק כְּאֲשֶׁר דִּבֶּר בְּלָעֶם וַיַּעַל בָּלָק וּבְלָעֶם פָּר וְאֵיל בַּמִּזְבֵּחַ:
H4196 H6499 H1111 H5927 H1696 H1111

বিলিয়মের কথামতো বালাক কাজগুলো করলেন। এরপর বালাক এবং বিলিয়ম প্রত্যেকটি বেদীর ওপরে একটি করে মেষ এবং একটি করে ষাঁড় উৎসর্গ করলেন।

3 וַיֹּאמֶר בְּלָעֶם לְבָלָק הֲתִיצֵב עָלַי עֲלֹתָיָהּ וְאֶלְכָּהּ אוֹלִי יִקְרָה יְהוָה לְקִרְאָתִי וְדִבֶּר
H1697 H7125 H3068 H0194 H3212 H3320 H1111 H0559
מִה־יִּרְאֵנִי וְהִנָּדְתִּי לָךְ וַיִּלָּךְ שְׁפִי:
H8205 H3212 H5046 H7200 H4100

তখন বিলিয়ম বালাককে বললেন “আপনি আপনার হোমবলির কাছে দাঁড়িয়ে থাকুন। আমি অন্য জায়গায় যাবো। হয়তো প্রভু আমার কাছে আসবেন এবং আমার যা বলা উচিত সেটা উনি আমায় বলে দেবেন।” এরপর বিলিয়ম একটি উঁচু জায়গায় চলে গেলেন।

4 וַיִּקְרָא אֱלֹהִים אֶל־בְּלָעֶם וַיֹּאמֶר אֵלָיו אַתָּה שְׂבָעָתָה הַמִּזְבֵּחַת עֲרֹכְתִי וְאָעַל פָּר
H6499 H5927 H4196 H7651 H0853 H0413 H0559 H0413 H0430
וְאֵיל בַּמִּזְבֵּחַ:
H4196

ঈশ্বর সেই স্থানে বিলিয়মের কাছে এলে বিলিয়ম বললেন “আমি সাতটি বেদী তৈরী করেছি এবং উৎসর্গ হিসেবে প্রত্যেকটি বেদীর ওপরে একটি ষাঁড় এবং একটি মেষ হত্যা করেছি।”

5 וַיִּשָּׂם יְהוָה דָּבָר בְּפִי בְּלָעֶם וַיֹּאמֶר שׁוּב אֶל־בָּלָק וְכָה תִדְבֵּר:
H1696 H3541 H1111 H0413 H7725 H0559 H6310 H1697 H3068

তখন প্রভু বিলিয়মকে তাঁর যা বলা উচিত তা বললেন। আর বললেন “বালাকের কাছে ফিরে যাও। এবং আমি তোমাকে যা বলতে বলেছি সেই কথাগুলো বলো।”

6 וַיָּשׁוּב אֵלָיו יְהוָה וַיִּצָּב עָלַי עֲלֹתָיו הוּא וְכָל־שָׂרָי מוֹאָב:
H4124 H8269 H3605 H1931 H5324 H2009 H0413 H7725

তাই বিলিয়ম বালাকের কাছে ফিরে গেলেন। বালাক তখনও সেই হোমবলির কাছে দাঁড়িয়েছিলেন। মোয়াবের সমস্ত নেতারাও তাঁর সঙ্গে সেখানে দাঁড়িয়েছিলেন।

7 וַיֵּשָׂא מִשְׁלוֹ וַיֹּאמֶר מִן־אֲרָם יִנְחִנִּי בְּלֶקְ מִלֶּךְ־מוֹאָב מִהֲרִיר־קָדָם לָכָה אֲרָה־

[H0779](#) [H3212](#) [H2042](#) [H4124](#) [H4428](#) [H1111](#) [H5148](#) [H0758](#) [H0559](#) [H4912](#) [H5375](#)

לִי יַעֲקֹב וּלְכָה זַעֲמָה יִשְׂרָאֵל׃

[H3478](#) [H2194](#) [H3212](#) [H3290](#)

তখন বিলিয়ম এই কথাগুলো বললেন। “মোয়াবের রাজা বালাক অরামের পূর্বদিকে পর্বত থেকে আমাকে এখানে নিয়ে এসেছেন। বালাক আমাকে বললেন। ‘আসুন। আমার জন্য যাকোবের বিরুদ্ধে বলুন। আসুন। ইস্রায়েলের লোকদের বিরুদ্ধে বলুন।’

8 מָה אֶקָּב לֹא קָבָה אֵל וּמָה אֶזְעַם לֹא זַעַם יְהוָה׃

[H3068](#) [H2194](#) [H3808](#) [H2194](#) [H4100](#) [H0410](#) [H6895](#) [H3808](#) [H4100](#)

কিন্তু ঈশ্বর এইসব লোকদের বিরুদ্ধে নন। সুতরাং আমিও তাদের বিরুদ্ধে কিছু বলতে পারবো না। ঈশ্বর তাদের খারাপ হোক এমন কিছু চান না। সুতরাং আমিও সেটা করতে পারবো না।

9 כִּי־מֶרֶשֶׁשׁ צָרִים אֲרָאֲנוּ וּמִנִּבְעוֹת אֲשׁוּרִינוּ הָן־עַם לְבָרָר יִשְׁכֵּן וּבְנוֹיָם לֹא

[H3808](#) [H7931](#) [H0910](#) [H2005](#) [H7789](#) [H1389](#) [H7200](#) [H6697](#)

יִתְחַשְׁב׃

[H2803](#)

আমি পর্বতের ওপর থেকে ঐ লোকদের দেখছি। আমি উঁচু পর্বতশৃঙ্গ থেকে তাদের দেখছি। ঐ সমস্ত লোকরা একাই বাস করে। তারা অন্য কোনো জাতির অংশ নয়।

10 מִי מָנָה עָפָר יַעֲקֹב וּמִסָּפָר אֶת־רָבֹעַ יִשְׂרָאֵל תָּמַת נַפְשִׁי מוֹת יִשְׂרָיִם וַתָּהִי

[H1961](#) [H3477](#) [H4194](#) [H5315](#) [H4191](#) [H3478](#) [H7255](#) [H0853](#) [H4557](#) [H3290](#) [H6083](#) [H4487](#) [H4310](#)

אֶחָרִיתִי כְּמָהוּ׃

[H3644](#) [H0319](#)

যাকোবের লোকদের কে গণনা করতে পারবে? তারা ধুলোর কণার মতোই সংখ্যায় প্রচুর। ইস্রায়েলের এক চতুর্থাংশ লোককেও কেউ গণনা করতে পারবে না। একজন ভালো লোকের মতো আমাকে মরতে দাও। তাদের মতো সুখে আমার জীবন শেষ হতে দাও।”

11 וַיֹּאמֶר בְּלֶקְ אֵל־בְּלָעָם מָה עָשִׂיתָ לִּי לְקָב אִיבִי לְקַחְתִּיךָ וַהֲנָה בִּרְכָתָּ בְּרָךְ׃

[H1288](#) [H1288](#) [H2009](#) [H3947](#) [H0341](#) [H6895](#) [H4100](#) [H0413](#) [H1111](#) [H0559](#)

বালাক বিলিয়মকে বললেন। “আপনি আমার জন্য কি করলেন? আমার শত্রুদের বিরুদ্ধে কথা বলার জন্য আমি আপনাকে এখানে এনেছিলাম। কিন্তু আপনি তাদের কেবলমাত্র আশীর্বাদ করলেন!”

12 וַיַּעַן וַיֹּאמֶר הֲלֹא אָתָּה אֲשֶׁר יָשִׁים יְהוָה בְּפִי אַתָּה אֲשַׁמֵּר לְדָבָר׃

[H1696](#) [H8104](#) [H0853](#) [H6310](#) [H3068](#) [H0853](#) [H3808](#) [H0559](#)

কিন্তু বিলিয়ম উত্তর দিলেন। “প্রভু আমাকে যে কথা বলেছেন। আমি অবশ্যই সেই কথা বলবো।”

13 וַיֹּאמֶר אֵלָיו בְּלֶקְ [לֶדָן] (לְכָה־) נָא אֲרִי אֵל־מְקוֹם אַחֵר אֲשֶׁר תִּרְאֶנּוּ מִשְׁם

[H8033](#) [H7200](#) [H0312](#) [H4725](#) [H0413](#) [H0854](#) [H4994](#) [H3212](#) [H3212](#) [H1111](#) [H0413](#) [H0559](#)

אֶפְסֹ קִצְהוּ תִרְאֶה וּכְלוֹ לֹא תִרְאֶה וּקְבָנוּ־לִי מִשְׁם׃

[H8033](#) [H6895](#) [H7200](#) [H3808](#) [H3605](#) [H7200](#)

তখন বালাক তাকে বললেন। “তাহলে আমার সঙ্গে আরেকটি জায়গায় আসুন। সেই জায়গা থেকে আপনি তাদের দেখতে পাবেন। আপনি তাদের সকলকে দেখতে পাবেন না। কেবল প্রান্তভাগ দেখতে পাবেন। সেই জায়গা থেকে আমার জন্য তাদের বিরুদ্ধে আপনার পক্ষে কথা বলা সম্ভব হতে পারে।”

14 וַיִּקְרָא וַיִּקְרָא שָׂרָה צִפֹּרִים אֶל־רֹאשׁ הַפְּסָגָה וַיִּבֶן שְׂבַעַת מִזְבֵּחַת וַיַּעַל פָּר וְאֵיל

H6499 H5927 H4196 H7651 H1129 H6449 H0413 H6839 H3947

בְּמִזְבֵּחַ:

H4196

সুতরাং বালাক বিলিয়মকে সোফীম ক্ষেত্রের ওপরে নিয়ে গেলেন। এই জায়গাটি ছিল পিস্গা পর্বতের ওপরে। সেই জায়গায় বালাক সাতটি বেদী তৈরী করে প্রত্যেকটি বেদীর ওপরে উৎসর্গস্বরূপ একটি করে ষাঁড় এবং একটি করে মেষ উৎসর্গ করলেন।

15 וַיֹּאמֶר אֶל־בָּלָק הַתִּיצֵב כֹּה עַל־עֲלֹתָי וְאֶנֶכִּי אֶקְרָה כֹּה:

H3541 H0595 H3541 H3320 H1111 H0413 H0559

বিলিয়ম বালাককে বললেন। “এই স্থানে আপনার হোমবলির পাশে থাকুন। আমি ঈশ্বরের সঙ্গে দেখা করতে যাবো।”

16 וַיִּקְרַ יְהוָה אֶל־בָּלָעַם וַיִּשֶׂם דָּבָר בְּפִיו וַיֹּאמֶר שׁוּב אֶל־בָּלָק וְכֹה תִדְבָּר:

H1696 H3541 H1111 H0413 H7725 H0559 H6310 H1697 H0413 H3068

সুতরাং ঈশ্বর বিলিয়মের কাছে এলেন এবং কি বলতে হবে তা বিলিয়মকে বলে দিলেন। এরপর প্রভু বিলিয়মকে বালাকের কাছে ফিরে গিয়ে সেই কথাগুলো বলতে বললেন।

17 וַיָּבֹא אֵלָיו וַהֲנוּ נָצַב עַל־עֲלֹתָיו וְשָׂרִי מוֹאָב אֹתוֹ וַיֹּאמֶר לוֹ בָּלָק מַה־

H4100 H1111 H0559 H0854 H4124 H8269 H5324 H2009 H0413 H0935

דָּבָר יְהוָה:

H3068 H1696

সুতরাং বিলিয়ম বালাকের কাছে ফিরে গেলেন। বালাক তখনও পর্যন্ত হোমবলির কাছে দাঁড়িয়েছিলেন। মোয়াবের নেতারা তার সঙ্গে সেখানেই ছিলেন। বালাক বিলিয়মকে আসতে দেখে বললেন। “প্রভু কি বলেছেন?”

18 וַיִּשָּׂא מִשְׁלוֹ וַיֹּאמֶר קוּם בָּלָק וּשְׁמָע הָאֲזִינוּהָ עָדִי בְּנוֹ צָפָר:

H6834 H5704 H0238 H8085 H1111 H0559 H4912 H5375

বিলিয়ম তখন এই ভাববাণী বললেন। “দাঁড়াও বালাক এবং আমার কথা শোন। আমার কথা শোন। সিন্ধোর পুত্র বালাক।

19 לֹא אִישׁ אֶל־יִכָּזֵב וְגַם וַיִּתְּנָם הָהוּא אָמַר וְלֹא יַעֲשֶׂה וְדָבָר וְלֹא

H3808 H1696 H3808 H0559 H1931 H5162 H0120 H3576 H0410 H0376 H3808

קִימָנָה:

ঈশ্বর মানুষ নন। তিনি মিথ্যে বলবেন না। ঈশ্বর মানুষ নন। তাঁর সিদ্ধান্তের পরিবর্তন হবে না। যদি প্রভু বলেন যে তিনি কোনো কাজ করবেন। তখন তিনি অবশ্যই সে কাজ করবেন। যদি প্রভু যদি কোনো প্রতিজ্ঞা করেন তাহলে তিনি প্রতিজ্ঞা মতো কাজটি করবেন।

20 הָנָה בָּרָךְ לְקַחְתִּי וַיְבָרֵךְ וְלֹא אֲשִׁיבָנָה:

H7725 H3808 H1288 H3947 H1288 H2009

প্রভু আমাকে ঐ সমস্ত লোকদের আশীর্বাদ করতে বলেছেন। প্রভু তাদের আশীর্বাদ করেছেন। সুতরাং আমি সেটা পরিবর্তন করতে পারব না।

21 לֹא- הָבִיט אֹן בְּעֵקֶב וְלֹא- רָאָה עָמֹל בְּיִשְׂרָאֵל יְהוָה אֱלֹהֵי עֲמֹן וּתְרוּעַת

[H8643](#) [H0430](#) [H3068](#) [H3478](#) [H5999](#) [H7200](#) [H3808](#) [H3290](#) [H0205](#) [H5027](#) [H3808](#)

מָלָךְ בּוֹ:

[H4428](#)

ঈশ্বর যাকোবের লোকদের মধ্যে কোনো অন্যায় দেখেন নি। ইস্রায়েলের লোকদের মধ্যেও তিনি কোনো পাপ দেখেন নি। প্রভু তাদের ঈশ্বর এবং তিনি তাদের সঙ্গে আছেন। মহান রাজা তাদের সঙ্গে আছেন।

22 אֵל מוֹצִיאֵם מִמִּצְרַיִם כְּתוּעַפֶּת רָאם לוֹ:

[H7214](#) [H8443](#) [H4714](#) [H3318](#) [H0410](#)

ঈশ্বর ঐসব লোকদের মিশর থেকে নিয়ে এসেছেন। তিনি তাদের পক্ষে বুনো ষাঁড়ের মতোই শক্তিশালী।

23 כִּי לֹא- נָחַשׁ בְּעֵקֶב וְלֹא- קָסָם בְּיִשְׂרָאֵל כָּעֵת יֵאמַר לְעֵקֶב וּלְיִשְׂרָאֵל מִה-

[H4100](#) [H3478](#) [H3290](#) [H0559](#) [H6256](#) [H3478](#) [H7081](#) [H3808](#) [H3290](#) [H5173](#) [H3808](#)

פָּעַל אֵל:

[H0410](#) [H6466](#)

যাকোবের লোকদের পরাজিত করতে পারে এমন কোনো ক্ষমতা নেই। ইস্রায়েলের লোকদের থামাতে পারে এমন কোনো মন্ত্রও নেই। যাকোব সম্পর্কে এবং ইস্রায়েলের লোকদের সম্পর্কে লোক এই কথা বলবে। ‘ঈশ্বর যে সব মহৎ কাজ করেছেন। তা দেখো!’

24 הָיוּ- עִם כָּל־בָּיָא יָקִים וְכֹאֲרִי יִתְנַשֵּׂא לֹא יִשְׁכַּב עַד- יֹאכַל לֶחֶם וְיָדָם- חֲלָלִים

[H1818](#) [H2964](#) [H0398](#) [H5704](#) [H7901](#) [H3808](#) [H5375](#) [H2005](#)

יִשְׁתָּה:

[H8354](#)

এইসব লোকরা সিংহের মতোই উঠে দাঁড়ায় এবং যে পর্যন্ত না তার শিকার খায় ও তার রক্তপান করে সে পর্যন্ত বিশ্রাম করে না।”

25 וַיֵּאמֶר בָּלָק אֶל- בָּלְעָם וְגַם- קָם לֹא תִקְבְּנוּ וְגַם- בָּרַךְ לֹא תִבְרַכְנוּ:

[H1288](#) [H3808](#) [H1288](#) [H1571](#) [H3808](#) [H6895](#) [H1571](#) [H0413](#) [H1111](#) [H0559](#)

তখন বালাক বিলিয়মকে বললেন। “আপনি ওদের শাপও দেবেন না। আশীর্বাদও করবেন না।”

26 וַיַּעַן בָּלְעָם וַיֵּאמֶר אֶל- בָּלָק הֲלֹא רָבֵרְתִי אֵלַי לֹאמַר כָּל- אֲשֶׁר- יִדְבֵּר יְהוָה

[H3068](#) [H1696](#) [H3605](#) [H0559](#) [H0413](#) [H1696](#) [H3808](#) [H1111](#) [H0413](#) [H0559](#)

אֶתוֹ אֲעֻשֶׂה:

[H0853](#)

বিলিয়ম উত্তর দিলেন। “আমি আপনাকে আগেই বলেছিলাম যে প্রভু আমাকে যা বলতে বলবেন। আমি কেবল সেই কথাই বলতে পারবো।”

27 וַיֵּאמֶר בָּלָק אֶל- בָּלְעָם לָכֵן- נָא אֶקְרָאָךְ אֶל- מִקְוִם אַחֵר אוֹלִי יִישָׁר בְּעֵינַי

[H3474](#) [H0194](#) [H0312](#) [H4725](#) [H0413](#) [H3947](#) [H4994](#) [H3212](#) [H0413](#) [H1111](#) [H0559](#)

הָאֱלֹהִים וּקְבִיתוֹ לִי מִשָּׁם:

[H8033](#) [H6895](#) [H0430](#)

তখন বালাক বিলিয়মকে বললেন। “তাহলে আমার সঙ্গে আপনি আরেকটি জায়গায় আসুন। এমন হতে পারে যে ঈশ্বর খুশী হবেন এবং সেই স্থান থেকে অভিশাপ দেওয়ার জন্য আপনাকে অনুমতি দেবেন।”

28 וַיִּקַּח בָּלָק אֶת-בְּלָעַם רֹאשׁ הַפְּעֹר הַנִּשְׁקָה עַל-פָּנֵי הַיְּשִׁמּוֹן:
[H3452](#) [H6440](#) [H8259](#) [H6465](#) [H0853](#) [H1111](#) [H3947](#)

তখন বালাক বিলিয়মকে নিয়ে পিয়োর পর্বতের ওপরে গেলেন। সেই পর্বতের ওপর থেকে মরুভূমি দেখা যায়।

29 וַיֹּאמֶר בְּלָעַם אֶל-בָּלָק בְּנֵה-לִי בָּזָה שְׂבָעָה מִזְבְּחֹת וַהֲכֵן לִי בָזָה שְׂבָעָה
[H7651](#) [H2088](#) [H4196](#) [H7651](#) [H2088](#) [H1129](#) [H1111](#) [H0413](#) [H0559](#)

פָּרִים וְשִׁבְעָה אֵילִים:
[H7651](#) [H6499](#)

বিলিয়ম বললেন। “এখানে সাতটি বেদী তৈরী করুন। তারপর সেই বেদীর জন্য সাতটি ষাঁড় এবং সাতটি মেষকে তৈরী রাখুন।”

30 וַיַּעַשׂ בָּלָק כַּאֲשֶׁר אָמַר בְּלָעַם וַיַּעַל פָּר וָאֵיל בְּמִזְבֵּחַ:
[H4196](#) [H6499](#) [H5927](#) [H0559](#) [H1111](#)

বিলিয়ম যা করতে বলেছিলেন বালাক ঠিক তাই করলেন। বালাক বেদীগুলোর ওপরে ষাঁড় ও মেষগুলোকে উৎসর্গ করলেন।